১নং মোগলহাট ইউনিয়ন পরিষদ কার্যালয়

লালমনিরহাট সদর।

web: mogolhatup.lalmonirhat.gov.bd

স্মারক নং-মোগলহাট/ইউপি/সদর/লাল/২০২৪/ তারিখ ঃ ২৮/২/২০২৪ খ্রিঃ

সভার মন্তব্য

অধিবেশন নং-২০২৪/০২ তারিখ-২৮/০২/২০২৪ খ্রিঃ

আলোচ্য বিষয়:

১) গত সভার মন্তব্য পাঠ ও অনুমোদন প্রসঙ্গে।
২) মাসিক সাধারণ সভা ফেব্রুয়ারি/২০২৪ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩) বি-বি-ধ।

অদ্যকার সভায় ১নং মোগলহাট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ হাবিবুর রহমান সভাপতির আসনে উপবেশন করিলে সভার কার্য শুরু করা হয়। সভার শুরুতেই সম্মানিত সভাপতি সাহেব সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে গত সভার মন্তব্য পাঠ করিয়া শুনান এবং কোন প্রকার দ্বিমত না থাকায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন করা হয়।

অতপর ১নং আলোচ্য বিষয়ের উপর আলোচনায় বিভিন্ন দপ্তর ও বিভাগ ওয়ারী আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হইল।

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	মন্তব্য
১	২০২৩-২০২৪ অর্থ বছরের ফেব্রুয়ারি/২০২৪ মাস পর্যন্ত যাবতীয় আয়-ব্যয় হিসাব নিকাশ ইউপি সচিব তুলে ধরেন। অতপর রাজস্ব ও উন্নয়ন মূলক আয়-ব্যয় সমূহ ও নথিপত্র, ক্যাশবহি সমূহ যথাযথ ব্যবহার তুলে ধরা হয়।	২০২৩-২০২৪ অর্থবছরের ফেব্রুয়ারি/২০২৪ মাস পর্যন্ত যাবতীয় আয়-ব্যয়, ভাউচার, নথিপত্র, ক্যাশবই সমূহ পর্যালোচনা করে স্বচ্ছতা ও জবাবদিহিতা পরিলক্ষিত হওয়ায় সন্তোষ প্রকাশপূর্বক অনুমোদন করা হয়।	
২	০ হতে ৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন নিশ্চিত করতে কর্মপরিকল্পনা এবং জন্ম ও মৃত্যু নিবন্ধনে পিছিয়ে পরার কারন তুলে ধরা হয়। .	সকল গ্রামপুলিশ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/কর্মচারী, জনপ্রতিনিধি সহ সকলের পূর্ণাঙ্গ সহযোগীতা কামনা ও নিয়মিত তথ্য সংগ্রহ পূর্বক ইউনিয়ন পরিষদ কার্যালয়ে জমা প্রদানের অনুরোধ করা হয়।	
৩	আইন শৃঙ্খলা বিষয়ে আলোচনায় ইউপি সদস্য জনাব মোঃ মজিবর রহমান ইউনিয়নের আইন শৃঙ্খলা পরিস্থিতি তুলে ধরেন। চুরি, মাদকদ্রব্য সেবন প্রতিরোধে রনপাহারায় গ্রাম পুলিশ, আনসার ভিডিপি সদস্য ও জনপ্রতিনিধিবৃন্দেও সহযোগীতা কামনা করা হয়।	ইউনিয়নের আইনশৃঙ্খলা পরিস্থিতি সার্বিকভাবে অনুকুলে থাকায় সন্তোষ প্রকাশ করা হয় এবং এহেন অবস্থা ধরে রাখার জন্য গ্রামপুলিশ আনসার ভিডিপি সদস্য ও জনপ্রতিনিধিদের সমন্বয়ে রাত্রীকালীন পাহারা ও নজরদারী রাখতে সিদ্ধান্ত গৃহিত হয়।	
৪	সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ বিষয়ে আলোচনা হয়। সভায় আইনশৃঙ্খলা জনপ্রতিনিধি, ধর্মীয় নেতৃবৃন্দ, ইমাম সহ রাজনৈতিক নেতৃবৃন্দকে সম্পৃক্ত করার প্রস্তাব করা হয়।	ইউনিয়নের সকল ধর্মীয় নেতৃবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুধিবৃন্দ, গ্রামপুলিশ, আনসার ভিডিপিসহ আইনশৃঙ্খলা বাহিনীর সমন্বয়ে নিয়মিত নজরদারী রাখার সিদ্ধান্ত গৃহিত হয়।	

মোঃ হাবিবুর রহমান
চেয়ারম্যান
১নং মোগলহাট ইউনিয়ন পরিষদ
লালমনিরহাট, সদর।

৫	শিক্ষা বিষয়ে আলোচনায় ঝরেপড়া রোধে ছাত্রছাত্রীদেও বিদ্যালয় গামী করার জন্য সকল অভিভাবক, শিক্ষক ও শিক্ষিকাবৃন্দকে সম্পৃক্ত করার প্রস্তাব করা হয়। ইটাপোতা আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ মোজাম্মেল হক দিক নির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন।	বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য, জনপ্রতিনিধি, অভিভাবকবৃন্দ সহ বাড়িবাড়ি পরিদর্শন কওে ঝরেপড়া ছাত্রছাত্রীদের বিদ্যালয় মুখী করা সহ শিক্ষার মান উন্নয়নে সকলের পূর্ণাঙ্গ সহযোগীতা কামনা করা হয়।	
৬	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ে আলোচনা তুলে ধরা হয়।	স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ে আলোচনায় কর্মকর্তা কর্মচারীদের দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য অনুরোধ করা হয়।	
৭	গ্রাম আদালত মামলা বিষয়ে আলোচনা হয়। মামলার জট কমানোর বিষয়ে কৌশল হিসেবে সপ্তাহে একাধিকবার আদালত বসানোর প্রস্তাব করা হয়।	গ্রাম আদালত মামলার সংখ্যা কম থাকায় সপ্তাহে এক দিন আদালত বসানোর প্রস্তাব গৃহিত হয়।	
৮	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ বন্ধ,শিশু শ্রম বন্ধ বিষয়ে কঠোরতা অবলম্বনের প্রস্তাব করা সহ কর্ম কৌশল তুলে ধরা হয়।	নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ বন্ধ, শিশু শ্রম বন্ধ বিষয়ে ওয়ার্ড সভায় আলোচনা ও জনসচেতনতা বৃদ্ধি সহ আইন প্রয়োগ এবং কঠোর নজরদারীর প্রস্তাব গৃহিত হয়।	
৯	এনজিও বিষয়ক আলোচনায় অত্র মোগলহাট ইউনিয়নের দায়িত্বরত এনজিও সমূহ USS, SKS Foundation, ESDO, RDRS, মহিদেব যুব সমাজ সহ সকল কর্মকর্তা কর্মচারী নিজ নিজ কর্মক্ষেত্র তুলে ধরে।	মোগলহাট ইউনিয়নে অবস্থিত সকল এনজিওকে প্রতিমাসের কাজের অগ্রগতি ও প্রতিবেদন ইউনিয়ন পরিষদে জানানো এবং প্রতিনিধিদের সহযোগীতা গ্রহণের প্রস্তাব গৃহিত হয়।	
১০	২০২৩-২০২৪ অর্থ বছরের টিআর কাবিটা-কাবিখা ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল, এডিপিসহ সকল প্রকল্পের কাজের গুণগতমান ও যথাসময়ে সম্পন্ন করার বিষয়ে তুলে ধরা হয়।	২০২৩-২০২৪ অর্থ বছরের টিআর কাবিটা-কাবিখা এডিপি প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষ জনক এবং যথাসময়ে সম্পন্ন করার প্রস্তাব গৃহিত হয়।	
১১	কমিউনিটি ক্লিনিক বিষয়ে আলোচনায় কমিটি সমূহকে সক্রিয় ও সেবার মান বৃদ্ধিও জন্য কর্মকর্তা/কর্মচারী, জনপ্রতিনিধি সহ সকলের মতামত গ্রহণ করা হয়।	কমিউনিটি ক্লিনিকের সেবার মান উন্নয়নে ম্যানেজিং কমিটিকে নিয়মিত সভা করার জন্য এবং জনপ্রতিনিধিদেও মনিটরিং করার প্রস্তাব গৃহিত হয়।	

মোঃ হাবিবুর রহমান
চেয়ারম্যান
১নং মোগলহাট ইউনিয়ন পরিষদ
লালমনিরহাট, সদর।

১২	স্বপ্ন প্রকল্প বিষয়ে আলোচনায় পিও জনাব সাইদুর রহমান সভায় পরিপত্র মোতাবেক কর্মী নিয়োগ প্রক্রিয়া বিষয়ে আলোচনা করেন।	উপকারভোগী নির্বাচনের তারিখ আগামী ১২-৩-২০২৪ ইং রোজ মঙ্গলবার সকাল ৯.০০ ঘটিকা সময় নিধারণ করা হয়। ব্যাপক প্রচার প্রচারোনা করা জন্য মাইকিং ও লিফলেট বিতরণ করা সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে পারিবারিক বিরোধ নিরসন ও নারী শিশু কল্যাণ কমিটির সার্বিক সহযোগিতা কামনা করা হয়।	

অতপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ হাবিবুর রহমান)
চেয়ারম্যান
মোগলহাট ইউনিয়ন পরিষদ
সদর, লালমনিরহাট।

মোঃ হাবিবুর রহমান
চেয়ারম্যান
১নং মোগলহাট ইউনিয়ন পরিষদ
লালমনিরহাট, সদর।

স্মারক নং-মোগলহাট/ইউপি/সদর/লাল/২০২৪/ তারিখ ঃ ২৮/২/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, স্থানীয় সরকার লালমনিরহাট।
২. উপজেলা নির্বাহী অফিসার, লালমনিরহাট সদর।
৩. জনাব....., মোগলহাট ইউনিয়ন পরিষদ, সদর লালমনিরহাট।
৪. অফিস কপি।

(মোঃ হাবিবুর রহমান)
চেয়ারম্যান
মোগলহাট ইউনিয়ন পরিষদ
সদর, লালমনিরহাট।

মোঃ হাবিবুর রহমান
চেয়ারম্যান
১নং মোগলহাট ইউনিয়ন পরিষদ
লালমনিরহাট, সদর।